

যুগান্তর

দ্বিতীয় সংস্করণ

রোববার | ১৫শ ২৭ ফাল্গুন ১৪৩৬ | ২ শ্রাবণ ২০২০ | ১১ শ্রাবণ ২০২০ খ্রিঃ | প্রতিঃ নং: ৫৪ ১১৩০ | পৃঃ ১৭ | মূল্যঃ ১০০ | ৪০ পৃঃ • ১০ টাক | www.jugantor.com

নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার বাড়ানোর সুপারিশ

যুগান্তর রিপোর্ট

টেকসই উন্নয়নের জন্য নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার বাড়ানোর সুপারিশ করেছে বেসরকারি গবেষণা সংস্থা উন্নয়ন সমন্বয়। সেই সঙ্গে পানির টেকসই ব্যবহারে সচেতনতা বৃদ্ধির তাগিদ দেয়া হয়েছে। বলা হয়েছে, সোলার নির্ভর বড় বড় শিল্প কারখানাগুলোকে সহজ শর্তে ঋণ দেয়া প্রয়োজন। এছাড়া পদ্মা বেসিনে কৃষক পানির অভাবে কৃষি কাজ থেকে অন্য কাজে নিয়োজিত হচ্ছেন।

সাসটেইনেবল ডেভেলপমেন্ট ইনভেস্টমেন্ট পোর্টফলিও : অ্যাডভোকেসি মেসেজ অন এগ্রিকালচার, এনার্জি অ্যান্ড ওয়াটার শীর্ষক এক গবেষণা প্রতিবেদনে এ সুপারিশ করেছে সংস্থাটি।

এ লক্ষ্যে শনিবার রাজধানীর বাংলামোটরে উন্নয়ন সমন্বয়ের সম্মেলন বক্ষে অনুষ্ঠিত কর্মশালায় প্রতিবেদনের বিষয়টি তুলে ধরা হয়। এসময় উপস্থিত ছিলেন গবেষক দলের প্রধান বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজের সিনিয়র রিসার্চ ফেলো ড. মাহাফুজ কবির ও উন্নয়ন সমন্বয়ের প্রজেক্ট কো-অর্ডিনেটর শাহিন উল আলম। নবায়নযোগ্য জ্বালানি, টেকসই কৃষি ও পানি সংক্রান্ত তিনটি অংশ উপস্থাপন করেন উন্নয়ন সমন্বয়ের রিসার্চ অ্যাসোসিয়েট রোবের শুভ গুড়া, আরশা নূর ও প্রিয়াংকা দাস।